কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা “কবিতা/গল্প” সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড “এই যুগ অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন “এই যুগ অ্যাপ”



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 8 JULY 2026 ,WEDNESDAY | ৮ জুলাই ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-216


## বেঙ্গল টেবিল টেনিস অ্যাকাডেমি পরিদর্শনে মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৭ জুলাই :** একদিকে তিনি স্বনামধন্য ডাক্তার অন্য দিকে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ ও ক্রেতা সুরক্ষা দপ্তরের মন্ত্রী ,ইনি হলেন ডাঃ ইন্দ্রনীল খাঁ । এই নামটি এখন রাজ্যের সমস্ত যুব সমাজের কাছে অত্যন্ত পরিচিত। রাজনীতির পাশাপাশি তিনি যে নিজে খেলাধুলা ভালোবাসেন এবং খেলতেও পারেন সেটা বারং বার বিভিন্ন জায়গায় দেখা গেছে। কয়েকদিন আগে ক্রিকেট টুর্নামেন্ট এ ছয় মারতেও দেখা গেছিলো। মঙ্গলবার কলকাতার সল্টলেকে বেঙ্গল টেবিল টেনিস অ্যাকাডেমি পরিদর্শনে গিয়ে ক্ষুদে টেবিল টেনিস খেলোয়াড় দের সাথে টেবিল টেনিস খেলতে দেখা গেলো রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ কে। এদিন মন্ত্রীকে খেলতে দেখে ক্ষুদে খেলোয়াড়রা আনন্দিত হয়ে ওঠে। সূত্রের খবর, এদিন বেঙ্গল টেবিল টেনিস অ্যাকাডেমি পরিদর্শনে যান রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ । পরিদর্শনে গিয়ে মন্ত্রী অ্যাকাডেমির পরিকাঠামোর উন্নয়ন এর বিষয়ে আলোচনা করেন ,যাতে আগামী দিনে খেলোয়াড় দের কোনো রকমের অসুবিধা না হয়।

## বারুইপুরের ঘটনার তদন্তে সন্তুষ্ট নির্যাতিতার পরিবার ,জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,দক্ষিণ ২৪ পরগনা ,৭ জুলাই :** দক্ষিণ ২৪ পরগনা জেলার বারুইপুরে নাবালিকা ধর্ষণ ও খুনের ঘটনায় মঙ্গলবার বারুইপুর পুলিশ সুপারের অফিসে নির্যাতিতার পরিবারের লোকেদের সঙ্গে দেখা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী । এর পাশাপাশি ধর্ষণ ও খুনের প্রতিবাদ বিক্ষোভের সময়ে যে ভাবে এক যুবককে পিটিয়ে খুন করা হয়েছে সে বিষয়েও নিন্দা করেছেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান গণপিটুনিতে নিহত যুবকও নির্দোষ ।মুখ্যমন্ত্রী এও আশ্বাস দেন অভিযুক্তদের চিহ্নিত করা হয়েছে। তাঁদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ গ্রহণ করা হবে।এছাড়াও কোনোরকমের গুন্ডামি বরদাস্ত করা হবে না বলেও জানান রাজ্যের মুখ্যমন্ত্রী ।সূত্রের খবর ,মঙ্গলবার বারুইপুর পুলিশ জেলার সুপারের অফিসে নির্যাতিতার পরিবারের সঙ্গে দেখা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী । সাথে উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের ডিজিপি সিদ্ধিনাথ গুপ্তা। নাবালিকা ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তের বিষয়ে নির্যাতিতার পরিবারকে জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এর পর বারুইপুরে গণপিটুনিকে নিহত যুবকের পরিবারের সাথে ও সাক্ষাৎ করেন মুখ্যমন্ত্রী। দুই পরিবারের সঙ্গে কথা বলার পরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান , “তদন্তের অগ্রগতি সম্পর্কে নির্যাতিতার পরিবারকে জানানো হয়েছে । তাদের সঙ্গে কথা বলে আমার মনে হয়েছে ,তারা তদন্তে সন্তুষ্ট।গণপিটুনিতে যে যুবকটি নিহত হয়েছেন ,তাঁর পরিবারের সঙ্গেও কথা হয়েছে ,ওই যুবক নির্দোষ।”

# এসএসবি জওয়ানের মৃত্যু পুটিমারি এলাকায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ জুলাই :** রঙ্গিয়া থেকে লখনৌ বাড়ি ফেরার পথে পথ দুর্ঘটনায় মৃত্যু হল এক এসএসবি কর্মীর ঘটনাটি ঘটেছে ৩১ নম্বর জাতীয় সড়কের পুটিমারি সেন্ট্রাল ব্যাংক এর সামনে। শামুকতলা রোড পুলিশ সূত্রে জানা গেছে মৃত ব্যক্তির বাড়ির লোক লখনৌতে। সোমবার গভীর রাতে বাড়ি ফেরার সময় দুর্ঘটনার কবলে পড়েন তিনি। রাস্তার পাশে থাকা গাছে লাগিয়ে দিয়ে গাড়িটি জাতীয় সড়ক থেকে রাস্তার নীচে নেমে যায়। পুলিশ সূত্রে জানা গেছে গাড়িটিতে চারজন ছিলেন এর মধ্যে একজন মৃত বাকি তিনজন গুরুতর আহত অবস্থায় আলিপুরদুয়ার জেলা হাসপাতালে চিকিৎসাধীন। মৃত ব্যক্তির নাম প্রদীপ কুমার তিনি এসএসবির কনস্টেবল ছিলেন।

# ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের প্রধান ও উপপ্রধান ইস্তফা দিলেন





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ জুলাই :** ভাটি বাড়ী গ্রাম পঞ্চায়েতের প্রধান ঘর থেকেই দিয়েছেন আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনের কাছে মঙ্গলবার এমনটাই জানা গেছে প্রশাসনিক সূত্রে। এর আগে বেশ কয়েকজন ইস্তফা পত্র জমা দিয়েছিলেন। গ্রাম পঞ্চায়েত প্রধান চন্দনা দাস অধিকারী এবং উপ প্রধান উত্তম কুমার দাস ইস্তফা পত্র জমা দিলেন প্রশাসনের কাছে।

# আবেদন করেও মেলেনি অন্নপূর্ণা যোজনার টাকা ,কুমারগ্রাম ব্লক অফিসে বিক্ষোভ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ জুলাই :** অন্নপূর্ণা যোজনার আবেদনপত্র পূরণ করেও মেলেনি টাকা। প্রতিবাদে ব্লক অফিসে বিক্ষোভ দেখালেন মহিলারা। মঙ্গলবার দুপুর নাগাদ কুমারগ্রাম ব্লকের বিভিন্ন এলাকার কয়েক'শ মহিলা ব্লক অফিসে এসে বিক্ষোভ দেখান। এরপর মহিলাদের এক প্রতিনিধিদল বিডিও সন্দীপ ধাড়ার সঙ্গে তাদের সমস্যার বিষয়ে আলোচনা করেন। ব্লক অফিস থেকে মহিলাদের একটি ফর্ম দেওয়া হয়। সেটি পূরণ করে জমা দিলে তা যাচাই করা হবে। যাচাইয়ের পর আগামী ১৫ জুলাইয়ের মধ্যে টাকা অ্যাকাউন্টে ঢুকে যাবে বলে মহিলাদের আশ্বাস দেওয়া হয়েছে। এদিন বিক্ষুব্ধ মহিলারা কুমারগ্রাম ব্লক অফিসের সামনে কুমারগ্রাম-জোড়াই রাজ্য সড়ক অবরোধ করেন। যদিও বেশিক্ষণ সময় পথ অবরোধ চলেনি। তার আগেই কুমারগ্রাম থানার পুলিশ মহিলাদের সঙ্গে আলোচনা করে অবরোধ তুলে দেয়। মহিলারা জানিয়েছেন, অফলাইন ও অনলাইনে আবেদন করেও তারা অন্নপূর্ণা যোজনার টাকা পাননি। ব্লক প্রশাসনের আশ্বাস মতো নির্ধারিত সময়ে টাকা না পেলে বৃহত্তর আন্দোলনে নামার হুঁশিয়ারি দিয়েছেন মহিলারা।



# আলিপুরদুয়ার জংশন এলাকায় ব্রাউন সুগার চক্রে পুলিশের অভিযান ,গ্রেপ্তার ২



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ জুলাই :** আলিপুরদুয়ার জংশন হাসপাতাল কলোনি এলাকায় দীর্ঘদিন ধরে ব্রাউন সুগারের অবৈধ ব্যবসা চলার অভিযোগের ভিত্তিতে বৃহস্পতিবার ভোরে বড়সড় অভিযান চালায় পুলিশ। আলিপুরদুয়ার জেলা পুলিশের অ্যান্টি ক্রাইম টিম এবং আলিপুরদুয়ার জংশন থানার পুলিশ যৌথভাবে এই অভিযান পরিচালনা করে।অভিযানে দুজন কে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতদের মধ্যে রয়েছেন হাজীফুল সেখ, সোমা দে ।পুলিশ সূত্রে জানা গেছে, ধৃতদের কাছ থেকে ব্রাউন সুগার উদ্ধার হয়েছে কি না এবং উদ্ধার হওয়া মাদকের পরিমাণ কত, তা খতিয়ে দেখা হচ্ছে। গোটা চক্রের সঙ্গে আর কারা জড়িত, সেই বিষয়েও তদন্ত শুরু করেছে পুলিশ।ধৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে তোলা হবে বলে পুলিশ সূত্রে জানা গেছে। এলাকায় দীর্ঘদিন ধরে চলা মাদক কারবারের বিরুদ্ধে এই অভিযানে সাধারণ মানুষের মধ্যে স্বস্তির পরিবেশ তৈরি হয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |